মডেল প্রশ্ন-০২

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

# বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়

পূর্ণমান : ১০০

**১ সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৪০=৪০

১. মুক্তিবাহিনীর নিয়মিত বাহিনীর ভূমিকা রাখত কোনটি?
ক. কাদেরিয়া বাহিনী খ. মায়াবাহিনী
গ. আকবর বাহিনী ঘ. মুক্তি ফৌজ

২. 'জয়বাংলা' ধ্বনির ক্ষেত্রে সঠিক কোনটি?
ক. শান্তি কমিটির মূলমন্ত্র
খ. জাতীয় সংগীতের অংশ
গ. রণক্ষেত্রে অবস্থান নির্দেশক
ঘ. পাক বাহিনীর প্রিয় ধ্বনি

৩. কোনটি শহিদ বুদ্ধিজীবী দিবস?
ক. ৭ মার্চ খ. ২৬ মার্চ
গ. ১৭ এপ্রিল ঘ. ১৪ ডিসেম্বর

৪. কোন আন্দোলন ১৯৫২ সালকে বিখ্যাত করেছে?
ক. ৬ দফা খ. ভাষা আন্দোলন
গ. নির্বাচনি আন্দোলন ঘ. গণঅভ্যুত্থান

৫. বাঁশের কেল্লার সঙ্গে সম্পর্কিত?
ক. মঙ্গল পাণ্ডে খ. দুদুমিয়া
গ. তিতুমীর ঘ. ক্ষুদিরাম

৬. বাংলায় ইংরেজদের আগমন ঘটে কেন?
ক. বাণিজ্য করার উদ্দেশ্যে
খ. বেড়ানোর উদ্দেশ্যে
গ. দ্বন্দ্ব মীমাংসা করতে
ঘ. সাম্রাজ্য বিস্তারের উদ্দেশ্যে

৭. ১৯০৫ সালে কী হয়েছিল?
ক. সিপাহী বিদ্রোহ খ. বাংলা ভাগ
গ. ভারত বিভক্তি
ঘ. ফকির-সন্ন্যাসী বিদ্রোহ

৮. কোন সালে ভারতবর্ষ স্বাধীন হয়?
ক. ১৯৪৫ খ. ১৯৪৭
গ. ১৯৪৯ ঘ. ১৯৫০

৯. আহসান মঞ্জিল বিশেষভাবে প্রসিদ্ধ ছিল?
ক. শালবন বিহার খ. কুটিলা মুড়া
গ. জলসা ঘর ঘ. পরীবিবির মাজার

১০. মহাস্থান গড়ের জন্য কোনটি প্রযোজ্য?
ক. গোবিন্দভিটা খ. পরীবিবির মাজার
গ. শালবন বিহার ঘ. ভোজ বিহার

১১. কোথায় বাংলাদেশের লোকশিল্প যাদুঘর প্রতিষ্ঠা করা হয়েছে?
ক. পাহাড়পুর খ. ময়নামতি
গ. সোনারগাঁও ঘ. উয়ারী বটেশ্বর

১২. কোন রাজার শাসন আমলে 'সোমপুর মহাবিহার' নির্মিত হয়?
ক. গোপাল খ. ধর্মপাল
গ. দেবপাল ঘ. মহীপাল

১৩. দেশি জাতের ধান চাষ করতে তোমাকে কোনটি বেছে নিতে হবে?
ক. বৈশাখী জাত খ. বারোমাসি জাত
গ. আমনজাত ঘ. আতপ জাত

১৪. বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করছে কোনটি?
ক. শিল্প খ. ধর্ম
গ. জাতীয়তাবোধ ঘ. মুক্তিযুদ্ধ

১৫. বাংলাদেশে প্রধান জাতীয় ফসল কোনটি?
ক. ধান খ. গম গ. ভুট্টা ঘ. আলু

১৬. পৃথিবীর সবচেয়ে বেশি পরিমাণ পাট উৎপাদন হয় কোন দেশে?
ক. ভারতে খ. বাংলাদেশে
গ. নেপালে ঘ. চীনে

১৭. দেশের অর্থনৈতিক উন্নয়নের উপাদান কয়টি?
ক. এক খ. দুই গ. তিন ঘ. চার

১৮. কোনটি জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করার অন্যতম উপায় নয়?
ক. শিক্ষা খ. চিত্তবিনোদন
গ. প্রশিক্ষণ ঘ. মানবসম্পদ

১৯. শ্রমশক্তির দক্ষতা বৃদ্ধির পূর্বশর্ত হলো?
ক. শিক্ষা খ. প্রশিক্ষণ
গ. স্বাস্থ্যসেবা ঘ. উপরের সবগুলোই ঠিক

২০. পরিবেশ দূষণের জন্য নিচের কোন কারণটি সবচেয়ে দায়ী?
ক. সম্পদের অপ্রতুলতা
খ. সচেতনতার অভাব
গ. সময়ের অপ্রতুলতা
ঘ. আইনের সীমাবদ্ধতা

২১. শুষ্ক ও অপর্যাপ্ত বৃষ্টিপাতের কারণে কী হয়?
ক. খরা খ. বন্যা গ. নদীভাঙন ঘ. ভূমিকম্প

২২. কিসের অভাবে খরা হয়?
ক. ফসল খ. বাতাস
গ. পানি ঘ. গবাদি পশু

২৩. তোমার এলাকায় কৃষিজমির লবনাক্ততা বৃদ্ধির কারণ হতে পারে?
ক. অতিবৃষ্টি
খ. বাতাসের গতি পরিবর্তন
গ. আর্দ্রতা পরিবর্তন ঘ. জলবায়ু পরিবর্তন

২৪. তোমার এলাকায় বন্যা বা ঘূর্ণিঝড় হলে তুমি কী করবে?
ক. আশ্রয়কেন্দ্রে চলে যাবে
খ. গাছে উঠে থাকবে
গ. ঘরেই বসে থাকবে
ঘ. কিছুই করবে না

২৫. জাতিসংঘ কোন সালে মানবাধিকার সার্বজনীন ঘোষণাপত্র অনুমোদন করেছে?
ক. ১৯৪০ খ. ১৯৪৫ গ. ১৯৪৮ ঘ. ১৯৫০

২৬. কোনটি মানবাধিকারের উদাহরণ?
ক. নির্যাতন করা খ. আটক রাখা
গ. শিশু পাচার ঘ. মত প্রকাশের স্বাধীনতা

২৭. শিশু শ্রমের প্রধান কারণ কোনটি?
ক. শিক্ষার অভাব খ. বেকারত্ব
গ. দারিদ্র্য ঘ. পিতামাতার অবহেলা

২৮. মানবাধিকারকে আমরা কী করব?
ক. সম্মান করব খ. স্মরণ করব
গ. ঘৃণা করব ঘ. অবহেলা করব

২৯. আমাদের দেশে কত বছর বয়সে নাগরিক ভোট দিতে পারে?
ক. ২০ খ. ১৮ গ. ২৪ ঘ. ২২

৩০. দেশের উন্নয়নে কী ধরনের নাগরিক প্রয়োজন?
ক. নিরক্ষর খ. ব্যবসায়ী
গ. শিক্ষিত ঘ. রাজনৈতিক নেতা

৩১. তোমার সমাজে অসুবিধাগ্রস্ত মানুষের সাথে তুমি কেমন আচরণ করবে?
ক. অসহযোগিতা করবে
খ. কথা বলবে না
গ. বকা দিবে ঘ. সহমর্মিতা দেখাবে

৩২. কিসের মাধ্যমে একজন নাগরিক রাষ্ট্রের শাসনকার্যে অংশগ্রহণ করতে পারে?
ক. শিক্ষার মাধ্যমে খ. ভোটের মাধ্যমে
গ. বুদ্ধির মাধ্যমে ঘ. নেতৃত্বের মাধ্যমে

৩৩. অটিস্টিক বন্ধুরা কেমন আচরণ করে?
ক. চুপচাপ নিজেকে নিয়ে মগ্ন থাকে
খ. সকলের সাথে খেলাধুলা করে
গ. সকলের সাথে বন্ধুত্ব করে
ঘ. সকলের সাথে মিলেমিশে থাকে

৩৪. অটিস্টিক বন্ধুদের বৈশিষ্ট্য কোনটি?
ক. সব বন্ধুদের সাথে ভালো আচরণ করে
খ. সবার কথা শুনতে পছন্দ করে
গ. অনেক সময় স্বাভাবিক শব্দ শুনেই উত্তেজিত হয়
ঘ. নিজের জিনিসপত্র গুছিয়ে রাখে

৩৫. কিসের মাধ্যমে অটিস্টিক শিশুকে স্বাভাবিক জীবনে অভ্যস্ত করা সম্ভব?
ক. শিক্ষা খ. চিকিৎসা
গ. ব্যায়াম ঘ. প্রশিক্ষণ

৩৬. অটিজম কী?
ক. একটি বিশেষ রোগ
খ. একটি বিকাশগত সমস্যা
গ. দৃষ্টিহীনতা
ঘ. একটি পরিবেশগত সমস্যা

৩৭. আমাদের কোথায় গণতান্ত্রিক রীতিনীতি চর্চা করা উচিত?
ক. বাড়িতে খ. বিদ্যালয়ে
গ. শ্রেণিকক্ষে ঘ. সকলক্ষেত্রে

৩৮. গণতন্ত্রের অর্থ কী?
ক. পরিবারের শাসন খ. ব্যক্তির শাসন
গ. জনগণের শাসন
ঘ. রাজনৈতিক দলের শাসন

৩৯. বিশ্বের বিভিন্ন দেশে উন্নয়ন কাজ পরিচালনা ও সমন্বয়ের দায়িত্ব কার?
ক. ইউএনডিপি খ. এফ.এন ও
গ. ইউনেস্কো ঘ. বিশ্বব্যাংক

৪০. সদস্য দেশগুলোর জীবনযাত্রার, মানউন্নয়ন কোন সংস্থার লক্ষ্য?
ক. জাতিসংঘ খ. সার্ক
গ. ইউনিসেফ ঘ. ইউনেস্কো

**২ শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ :** ১×১০=১০

ক. বিশ্বের মানচিত্রে স্বাধীন বাংলাদেশের ----- ঘটে।
খ. আধুনিক শিক্ষা ও নবজাগরণের ফলে ----- চেতনার বিকাশ ঘটে।
গ. পাহাড়পুর ----- শাসনকালে নির্মিত হয়।
ঘ. ----- রপ্তানি করে বাংলাদেশ প্রতিবছর অনেক বৈদেশিক মুদ্রা অর্জন করে।
ঙ. মানবসম্পদ উন্নয়নের মূল উপাদান হচ্ছে ----- ।

Teachingbd.com

http://teachingbd.com

চ. খরার সময় অনেকের ---- বন্ধু হয়ে যায়।
ছ. সবার মানবাধিকারকে ---- করা উচিত।
জ. আমাদের ----- দিয়ে রাস্তা পার হওয়া উচিত।
ঝ. গণতন্ত্র আমাদের ----- পরিচালনার মূলনীতি।
ঞ. ইউনিসেফ বিশ্বের ----- উন্নয়নে কাজ করে।

৩. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১×১০=১০

ক. ৬ দফা আন্দোলন কত সালে হয়েছিল?
খ. সিপাহি বিদ্রোহের মূল উদ্দেশ্য কী ছিল?
গ. বাংলাদেশে প্রধান প্রধান কৃষিজাত দ্রব্যের নাম লেখ।
ঘ. জনসম্পদ কাকে বলে?
ঙ. আইন অমান্য করলে কী ভোগ করতে হয়?
চ. কত বছর বয়স হলে ভোট দেওয়া যায়।
ছ. অটিস্টিক বন্ধুদের ২টি বৈশিষ্ট্য লেখ।
জ. FAO এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ঝ. গারোদের প্রধান উৎসবের নাম কী?
ঞ. সার্ক এর পুরো নাম কী?

৪. ক, খ, গ ও ঘ প্রশ্নসহ যে কোন আটটি প্রশ্নের উত্তর দাও : ৫×৮=৪০

ক. মুক্তিযুদ্ধের তাৎপর্য বর্ণনা কর।
খ. বাংলাদেশের ক্ষেত্রে কৃষির গুরুত্ব অতুলনীয়।- এ সম্পর্কে পাঁচটি বাক্যে লেখ।
গ. উয়ারী-বটেশ্বরের বর্ণনা পাঁচটি বাক্যে উল্লেখ কর।
ঘ. জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের পাঁচটি উপায় লেখ।
ঙ. বাংলাদেশের নানা দুর্যোগের সম্মুখীন হচ্ছে- এ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।
চ. সমাজকে সুন্দর ও সুশৃঙ্খল রাখার জন্য পাঁচটি করণীয় লেখ।
ছ. শ্রেণিকক্ষ ও বিদ্যালয়ে কীভাবে গণতন্ত্রের চর্চা পাঁচটি বাক্যে লেখ।
জ. নারী নির্যাতনের মূল কারণগুলো কী?
ঝ. গারোসমাজ-ব্যবস্থা সম্পর্কে লেখ।
ঞ. জাতিসংঘের উদ্দেশ্য কী? পাঁচটি বাক্যে লেখ।

## উত্তরমালা

১.

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ |
| ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | খ |
| ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ক | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক |
| ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | খ |
| ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | খ |

২. ক) অভ্যুদয়; (খ) জাতীয়তাবাদী; (গ) ধর্ম পালনের; (ঘ) পোশাক; (ঙ) শিক্ষা; (চ) আয়; (ছ) শ্রদ্ধা; (জ) ওভার ব্রীজ; (ঝ) রাষ্ট্র; (ঞ) শিশুদের।

Teachingbd.com
http://teachingbd.com